দরসনে ডুবি জাত তারা আর সহজে উঠে নিহি পারত। ইটা এখন বিগগানে মানি লেলাহেইক এহে হালেক মহামারি করুনাকালে (Corona Period)। তাকরে খাতির মাইল পাখনাক (Milestone) উপর রিচিক চিস বা দাগ রহেইক বেজাঁই দরকার অনুভব করিকে দরসনেক উচরেইন করল জাহেইক। খেপে খেপে কুড়মালি দরসন আউতে রহলে বহুত উবগার হেতেইক হড় সমাজেক। তাকরে খাতির হামর এহে কসনি রহলি।

জঁগগলেক খলসলে বাহরাল পরে হড়রা বসমতাক মাঝে বাঁচেক ডহরটাকে আইগম করিকে বুঝে পারিকে বসাগইত করে উচরাউলা নদিক ধারে। হড়রাঁই দেখলা, বুইদধি জাখর বল তাকর। সেই খাতির দঁহগি বাঁধিকে (In Groups) চলে লাগলা আর বুইদ আরঅ বাড়হি বাড়হি চলে লাগলেন জিউ জিনগানি সুখে বিতাউএক তেঁহে। বনেক ভিতরে রহা কালে খজি খাউআ বা সিকার করি খাউআটাই কাম রহেন। মেনতুক হিসকাহা জনতু জানুআরে মাঝে মাঝে বহুত ফের করি দেই হেলথিন মানুসরাকে। তাকরে খাতির নদিক ধারে সঁথল জাইগাঁই (সমতলে, plane land) রহলে সেই ডর কমি গেলেন। নিফিকির (Thoughtless) জিনগানি বিতাউএ লাগলা। মেনতুক নদিক ধারে রহতে রহতে কামেক বেউরা আর ধঁচরটা রিচিক বদলিঅ গেলেন। এহে জে হড় জিনগানি থিরে থিরে খেপে খেপে সইবভঅ হেই লাগলা সেগিলাই এখন বিগগানেক হালুক জুগে জনতরক (Instruments) সাহাইএ ঘুরিকে পাছনাউএক কাম চলেহেইক। নিরিতাততিক খেতে (In Anthropology) জারা কাম করইআ আহত অরা তঅ একদম ফেইরছাইকে নিজবুত কামে করহত সভেখনে। মুহে মুহে চলি আউঅল কাথা গিলাক ভিতরে রিচিক কহি দেলে বুঝেইতকে বিসইটা আসান হেতেইক। 'জাঁহা জাঁহা পানিক সত, হুঁআ হুঁআ কুড়মিক বসত'- হিঁআ কুড়মি কহেইতকে হড় জিনগানিক সইবভতাক উচরেইনে অরজঅনিআ কামেক বিহান বেরাক কামিআরাকে বুঝাউহেইক। বিতল বেরাক এহে একে টুমেক বহতি টুমকে ফেইরছাউএ (Clarify) গেলে কুড়মালি দরসন হুলকিকে নিখরাইকে সেঁইতেক পিআস (Thirst) জাগেইক। আর কুড়মালি দরসন জানলে 'সিখ-সিখর নাগপুর, আধাআধি খড়গপুর'-এক হড়রাখর সব বেরাক কামেক বেউরা জানা জাইক। পরভাত রনজন সরকার (প্রভাত রঞ্জন সরকার)-রাখর 'সভ্যতার আদি বিন্দু রাঢ়' পঁথি তঅ ঢেইর দিন পরে। কুড়মালি দরসনে তাকরলে ঢেইর পেছু লেলে জাতেইক। তবে মসকিল বা হতগজক একেটা কাথা, জেটা হেলেইক সভে আহেইক থঁথি মাঝে। তাকরে খাতির খেপে খেপে জুতিআইকে সরজুতেক চিসলে দরসনটা এককেবারে মুহড়াই জাতেইক। জদিঅ একর বহর ঢেইর আহেইক আর গাড়হউআলিঅ জাইএক দরকার আহেইক। এখন হামরা উচরেইনে পানিক সতে আইহঅ। পানিক সতটা হেঁঠে জাইত জাইত নদি হেলাহেইক সেটা পরে খজি পাউআলেইক বা আবিসকার করালাহেইক। মেনতুক আদিকাথাটা হেলেইক পানিক সত। জাঁহা জাঁহা পানিক সত দেখলা হুঁআ হুঁআই কুড়মালি চারিক হড়রা বসাগইত করি লেলাহাত। জাইগা গিলাক জে নাম বহতি জুগউ জেসনেক তেসনে আহেইক সেটাকে ভেঁউরাউলেই জানা জাহেইক জে জাইগাটাক ভিতর কুড়মালি দরসনেক বিচার ধারা কাম করেহেইক। জেসন কহল জাই পারেক গাঁউএক নাম জখন কইর টাঁইড়, বুড়দা, খিরাবেড়া, বাইদডি, কচাহাতু, সালিসেরেঁগ, হড়বহঅ, কড়াডি, বনকুচি, আকাসারা, কুসুম টিকরি, মহুআটাঁইড়, কুসটাঁইড় — এহে নিআর থাকেইক খনে গাঁউ গিলাক বারে আদি কাথা কহে গেলে হামরাকে কুড়মালি দরসনেক মুল ধঁচরটা জানেক বেজাঁই দরকার গিরেই আর এখন তঅ পুরাই গিরেহেইক।

কুড়মালি ভাখিচারিক বাহারে রহল হড়ে জখন নিখরাইকে ঘুরি দেখহত বা গবেসনা (Research) করঅহত খনে দেখহত জে বিতল দিনেক পিড়হি (Generation) গিলা এহে দরসনেক ভাখিচারিক ভিতরেই রহেহেলা তখন উ হড়রাখর মনেক পিআসটা বহুত বাড়হি জাহেন। দিনকে দিন তেজিআন বহরে নিজেকে ফুটাউএ পারেহেইক কুড়মালি দরসনেক গতরে। বাহরালে জাহেইক এহে দরসঅনেক ভরসিক আইগ। এসনে করিকে জদি হামরা একবার আজাপুরখারাখর (Fore-fathers) নামে জাইহঅ তাহলে দেখল জাহেইক তখনুক নাম গিলাক মানে একদম কুড়মালি দরসনেক ভিতরে গিরেহেইক। এক একটা সাড়াক মানেটা এককেবারে বসমতাক সঁগে মিললে মিলল থাকেহেইক বা রহেইক। ইগলা সভে আদি কাথা হেকেইক। তাকরে খাতির এখন খজলে বা ভেঁউরাউলে নিহি মিলতেইক। দরসনটা এহেঠিনে কামিআবি হেহেইক (Success)।

জারাক বিসরালাহেন (Who have forgotten) আপন চকরিক বহুত কিছু অখরে কামে লাগতেন এহে দরসনটা। মেনতুক কহি রাখা ভালঅ জে দরসন আহেইক জানকেহনি সুনকেহনি, ছউআভুলা কেহনি, করম পরবেক কেহনিক এককে বারে ভিতরে। অহঅ হুঁআলে টউরিকে বাহরাউলে তবে জাইকে মগজে এহে ভাখি আর চারিক কাথা সামাউএ পারল জাতেইক। কুড়মালি দরসন বুঝেক মুল দুইটি চেঁগা (Two Components) হেলেইক এহে ভাখি (Language) আর চারি (Culture)। দরসনে এহে দুইঅ একসঁগে গাঁথল আহাত। একটা সুনকেহনি বা ছউআ ঘুমা কেহনি কহলেই বেঁউরাটাক ভিতটা জানে পারা জাইক। এসনেটাঁই এক একটা থঁথিক সাহিততকে (Oral Literature) নিখরাইকে দাঁজল ভাঁজল পরে কুড়মালি দরসনেক খেতেক আইড় দেখল জাইক। বহুত নিখুঁত নেজেইরে বিচারধারা বহিটা থির পানিক নিআর গেলে তবেই মহিততঅ মগজে জাইক। মগজে গুঁথালেই সেটা হিআক (Heart) সঁগে মিলি জাইক।

একবার জদি কুড়মালি চারি গিলাক সঁগে জিনগানিক কাম গিলা মিলাইকে চলেইক, তাহলে আর বিসরা মসকিল হেকেইক। গতর-মনে রগ বেজারেক আতাপাতা নিহি রহেহেইক। নিখরাইকে ভেদাউলে দেখল জাইক জে পরকিতিক নিঅমটাকেই চারি মাঝে বাঁধিকে রাখল গেলাহেইক। ইটা এখন বিগগানেক গবেসনা করইআরাঁই আবিসকার নাম দেলাথিক। উচরলাহেইক পরকিতিক নিঅমে ঘুরি চালাকর আড়াপাটা। কুড়মালি চারি মাঝে আহেইক নিজেকে মন-গতরে (Mind & Physique) ঠিক রাখেক চাভিকাঠি আহেইক নিজেক ঠিন। আর বসঅমতাক মাঝে সাভাবিক নিঅমকে তউলিকে চলে জানলে নিজেক তঅ জুইত আহবে করেক সঁগে সঁগে কনঅ জিবেকরে বেজুইত নিহি করল জাইক। জেটাকে ইঁগরেজি মাহান কথিক ইকঅসিসটেম (Ecosystem) আর বাঁগলাই বাসতুতনতরঅ (বাস্তুতন্ত্র) সেটা বাঁচাই রাখেক সজলত উপাই বা ডহর খলি রাখলে আহেইক কুড়মালি চারিটাঁই। এহে চারি মানি জারা ঘার-দুআইর (House) বনাউঅত অরাক গাঁউ বাজার সভে বনেক পরিবেস নিআর রহেহেন আঁদাড়ে পিঁদাড়ে গটাই অসদিগাছেক (Medicinal Plants) গাদা রহতেকেই। সভেখনে হেরিহর (Greenery) দেখে পাউঅল জাইক আর মনটাউ সভেখনে হেরিহরে জুআনি (ẏoung) পাউআইক। ইটা নিজবুত জানেক খাতির একদম অঝঅ গাঁউএ কইদিন থাকলেই পুরখেনিকাল মনে আঁখাই জাইক।

গতর ঠিক রাখেক বা জাঁগড়া (Work Capacity) সেঁইতেক ভিনু কনঅ বেঁউরাক দরকার গিরেক নিহি এহে দরসনেক বাসতবটাক সঁগে মেসিকে চললে। খাউআন (Foods) পিঁধনটাঁহি (Clothings) গতর বছরভর চাঁগা থাকেইক। ইটা অসুখকে গতরে সামাইএ নি দেইক। একটা সহজ বাছট কাথা গঁদরালে বুঝেইতকে সভেকাখর জুইত হেতন। বছরে মাসে মাসে খাইএক নিঅম। মাঘেক সুরুটাঁই চুনি দেইকে গুড়পিঠা খালেই আপনে পেট সাফা হেলেইক। একর পরেই ঘারে আঁনগাঁই রাখল আহেইক কচি কচি নিমপাত। চইত মাসে নিম তিঅন (তরকারি, Curry) চলবে করেইক কুড়মি রিতেক ঘারে। গেস অমবল পিত (Gastric– Acidity– Biles) সিরালেক। চইতেক সেঁসে ফরআহার করিকে গেঁইঠে গেঁইঠে গুমহুর গুঠা ধঁচর পাউএক বেঁউরা এখন নেগে বদলি গেলাহেইক। পানিক দিন গিরতে গিরতে আমাবতিক তিহারে পাকল আমকে পেট ভরিকে দিঁহি আর গাতেক রঁগ লেই। সঁগে রহলেইক কঁঠরেক (Jackfruit) বহবহি। একর পরে কাদালে উঠিকে তালেক আর খিজুরেক গুড়কে হিঁচছা সুখে পেট ভরি খাহিঁ। এসনে করি বছরেক বাছট সময়ে বাছট বাছট খাইএক বসমতাকরে দান। কুড়মালিক দরসনটাঁই এসন ডহর বনাই রাখঅলাহেইক জে, হড়রাকে সাজিকে ইগলা করে নিহি হেতেন। পরব তিহারে রিঝে রঁগে মাতি রহলেই নেগে আপনে পরকিতিক দাউনে আনি লেইন হড় সমেইত সভে জিবকে। এসনে করিকে জিনগানিক হর কামকে দরসনেক ভিতরে দেখলে কুড়মালি চারিকে জিবজগত টেকাউএক মুল বিদদা বা নিঅম ডুলে মনে হেহন সভেকাখর। তবে বহুত পেছুআইকে কাম করে হেইক কুড়মালি দরসনে। কাহে নঅ এখন কুড়মালি চারি একদম হেরাই বসলে আহেইক বিগগানেক আবিসকারে।

কুড়মালি দরসনে দেখাউহেইক জে পরকিতিক গাছপালহা নদিনালা পাহাড় হাউআলে সভে জিবকে সুসরুঁগখলে (Without disturbances) রহে দেউআটাকরে নাম হেলেইক আপন ধরম (Religion)। হিঁআ মনগড়হা বনাউঅল অবাসতব

কনঅকে মানেক নি দরসনে। জিনগানিভর সেঁউরনকেই আগু মাইন দেউতাল থাকেহেইক সভেদিন। গরু বাছুর কাড়া ভঁইসলে জতেক আহাত চাসেক কামে তাখরে সেবাকে ধরমক মাঝো রাখল গেলাহেইক। নেগ-নেগাচারটা এহে দরসনেক চারি এসন করিকে গুঁথল আহেইক জে একটা পসুহুঁ হামর মনেক কাথা ধরিলেই পারত। আর হামরা হড়রাহুঁ অবলারাখর না কহা কাথা বুঝিকে অখর মনেক পিআস মিটাইকে অখরাকে বাঁচাইকে রাখে পারিতান। ধরমক এককেবারে মাঝো জেটাক সেঁউরনেক কাথা আহেইক বা সবাই দেখত সেটা হেলেইক টঁড়হা ভরাউএক মুলে রহল ধান গাছেক তেতাঁর-সুঁসার (CaringŠ। আর পাছনাইকে কহে গেলে এহে গিলাই নেগ-নেগাচারেক মুলেই আহেইক। রিঝরঁগ পরব তিহারে মাতলেই আপনে পরকিতিক সেবা হেইক। কুড়মালি দরসনেক জে পরব হেইক সেটাঁই পরিবেসে (Environment) কনঅ নিআর দুসন (Pollution) বা কনঅ খারাপিই নিহি হেইক। এহে চারিক পরবে জেটা হেইক সেটা হেলেইক বসমতাক সভে কিছুক সেঁইতন। আড়াপাটাক নাঁগসাঁই কামেক সারভার গিলাকে সেঁইতি রাখেক একটা কামিআবি (Successful) দরসন কাম করবে করেইক। পরবে কুড়মালি দরসনেক মুল দাম তখনে পাউআইক জখন আজাপুরখারাখর ধঁচরে গটালিআ পুরখেনি বাঁচাইকে নেগ-নেগাচার করল জাইক আর পরব-তিহার মানল জাইক। একবার থিথাইকে গাড়হউআলি ভাভি দেখলে দেখল জাহেইক জে কুড়মালি ভাখিক সঁগে চাসবাসটা একসঁই একসঅ জড়লে জড়ল আহেইক। আর কুড়মালি চারি বা সঁসকিরিতিক পরব মানেই সলআনাই (As a whole) চাসবাস বাঁচাই রাখা। এহে দরসনেক হর পরবে কিরসি-ভিত (AgricultureéŸébased) করল হেকেইক। তাকরে খাতির নেগ-নেগাচার পরব-তিহারেক ভিতরেই অকখতঅ (Undivided) বনিকে কুড়মালি দরসনেক বাসতব রুপটাই সতখনে (All the time) হুলকেই সাহে হামরাকে। আবগা ভারত নিহি, পুরা দুনিআইটা হেকেইক গাঁউ আঁকড়া সইবভঅতাক দেস-দুনিআ। ইগলাকে বাঁগলা ভাখি মাহান কহথিক গারামকেনদরিক (Village Centric) সইবভতাক দেস বা দুনিআ। আর জাঁহা গাঁউ রহতেইক হুঁআই রহতেইক চাস। পেট ভরাক খাতির চলতেইক বছরভর কামেক বেউরা। চাসেক জমিক ঠাঁউএই রহতেইক সভে বেজারেক (Disease) অসদি গাছ। আর এহে চাসেক আর গাছ গাছড়াক ঝবরন পসরনেক সঁগে সঁগে পরব-তিহারেক বহবহি রাখল আহেইক।

কুড়মালি দরসনেক নেজেইরে হর নেগ-নেগাচার পরব-তিহার গিলাকে দেখলে হালুক বিগগানেক গবেসনা কাঁটাই কাঁটাই মিলি জাইক। ঘুরিকে দেখাটা বিগগানেক পিআস আর কামেক সেঁসে এহে দরসনেক জাগেক নাউআ নাউআ আস। তবে এখন চিসিকে রাখি দেউআটা জুইত হেতেকেই জে কুড়মালি দরসনটা এখন গবেসনাক খেতেই আহেইক। গবেসনাক গবেসনা ঘারটা চাইর দেউআল (Four Walls) নহেইক কহিকে পুরাটাঁই কসটক আর বাসতবেক হিবড়নি হেকেইক। তাকরে খাতির সমই ঢেইরে লাগতেইক। বনে বাদাড়ে টাঁইড়ে টিকরে খেতে গঠে সমেইত গটা হড় সমাজটাই হেলেইক কুড়মালি দরসনেক গবেসনাক খেত (Area of Research)। বসমতাক মাঝে চাসেক কামেক সঁগে জড়াল আদি হড় আর সারভারগিলাকে ফেইরছাইকে পরখ (Test) করে পারলেই দরসনেক ভিত জনমানসে আউতেইক। এখন এহে দরসন বুঝেক আগু পঢ়ইআরাখর (Readers) ঠিনলে হাজার হাজার খঁচ আউতেইক। দরসনকে সদরিআ করেক খাতির এসন খঁচকে জহড়ে দেইকে হামরা আগুআনে মাহুর (Experienced) বনলে জাপ। এহে তঅ মাহাজড়ুআহিকর মাচা ধরিকে দরসনটাক গাড়ামু তউলনেক কামে ছেউ দেলিউক। ভরসিক আইগে পহিল ইঁচরন রহলেইক। জেসন জেসন করিকে ভাখিচারি আর চাসেক ঝবরন পসরন হেতেইক তেসনে করিকে দসরন ডহরে ঝকঝকিআ হেলে জাতেইক। এহেটাই হেলেক হামর চিরকালিআ পিআস।

কুড়মালি দরসনেক খাতির একটা ধঁচর আপনাউএক বহুত দরকার গিরেহেইক। ইটা হেলেইক আজাপুরখারাক সঁগ কুড়মালি ভাখিই গালমারা (Conversation)। গাঁউএ ঘারে এসনঅ বুড়হা পুরখা আহাত জারা জানবে নিহি করত লিখা পড়হা কিনা। জারা কুড়মালি ছাড়া দসর কনঅ ভাখিএ নিহি জানত অখর সঁগ ভরপুর মেলামেসা করিকে পিআসি মনে আবগা অখর কাথা সুনে হেতেইক। অরা জেসনেটাঁই কহতা উটাকে হামরাকে নিজেকে পরে জুতিআইকে সেঁইতে হেতি। কাথাক

ভিতরে জে জুকতি লুকান থাকেইক সেটা বহুত কাথা কহতে কহতে আপনে আপন বিচার ধারাঁই লেই লেতেইক। গটালিআ কাথা হেলেইক আবগা কুড়মালি ভাখিচারিক লকগিলাকে দমে করিকে সুনে হেতেইক। বসঅমতা মাঝে জতেক সানাফানা বা সারভার আহেইক সভেগিলাকরে আবগা কুড়মালি সাড়াটাকে জানেক কসনিটা সারথক হেলেই নামেক ভিতরে কামেক কাথাটাউ মনে আপনাউএ পারা জাইক। পরকিতিক মাঝে জে নিঅম গিলা সাভাবিক হেকেইক সেগলাকে সাভাভিক নেজেইরে দেখলে তবেই কামহেতু বা কারজঅ-কারনটাকর বেঁহুটাকে ধরে পারল জাইক।

কুড়মালি দরসনেক একটা বেজাঁই পিরিতিক ধঁচর সেই সিরজনেক আদিকাল লে চলি আউএহেইক। সাড়াক উসরন আর কহেক হুনরে দসর আরঅ জিবগিলাক সঁগে হড়রাখর মনেক বাঁধন থাকেহেন। সাড়াক দমে মনেক ভাখি সভে জিবে বুঝিলেত। রিচিক জিঞতেক চলতি কাথাঁই আউলে বুঝেইতকে সুবিধা হেতেইক সভেকর। হামর ঘারে আঁনগাই জে গরু বাছুর কাড়া ছাগেইর ভেড়ি গেড়ে কুকুর বিলাই থাকহত সভেকারাকে ভাখিক সাড়াঁই হামর সঁগে কাথা কহত। এহেঠিনে আহেইক "জীবে প্রেম করে যেজন, সেবিছে সে ঈশ্বর" — বির সইননাসি বিবেকাননদঅ (বীর সন্যাসী বিবেকানন্দ) রাখর কাথাক আগুলে চলি আউল দরসন এহে কুড়মালি। জারা গাঁউএ ঘারে গরু কাড়াকে বাহিকে চাস করত আর দুইবেলা চরাউএ লেগথিক অরাকে অরাক সঁগে ভেট করিকে দেখলে জিব পেরেমটা একদম নিজবুত দেখে পাউঅল জাইক। পরকিতিক নিঅমকে মানিলেই পারলে হাকচাকাইএক কন বেপার নিহি রহেহেইক।

আগু হড় সভে খজি খাউআ রহত। তাকর পরে অরজি খাউআ হেলাহাত। বাস এতনে টুকু সভে দিন মগজে রাখলে বসমতাক ভিতরে রহল সভেকিছু কহে পারল জাতেইক বা বুঝে পারল জাতেইক। এখনঅ মানুস অরজনেক কামেই লাগলে লাগল আহাত। দুইবেরা পেট ভরিকে খাউআটাই হড়েক কাম। সইবভতাক নামে উদিনলে আইজ তড়িক কিরসি ভিততিক সইবভতাই আহেইক। মেনতুক দরসনলে মানুসেক ধুরে থাকেক কারন হেলেইক একেটা। ইটা আইজকাইল বা হালুক বেরিক কাথা হেকেইক। আইজকাইল মানুস কড়হি বনি গেলাহাত আর আরামে থাকে সিখলাহাত। বনে-ঝাড়ে কাঁটাই-ঝটাঁই কাদাঁই-আইড়ে গইড়েক বদলে ঘারেক উপর ঘার বনাইকে মাটিক সঁগে আর গতরকে ছুআই নিহি দেহেথিক। আর দুখেক বিসই ইটাকেই সইবভঅ জগতেক জিনগানি ভাভিকে দরদেক বদল জনতরকে সাহাই লেইকে চলহত। জদি কিরসিভিততিক জিবন জাপন জারি রহে তেলেইক হলে আইজ দরসন ভিনু করিকে নিখরাইকে খজে নিহি হেইতেলি। ইটা ছাড়াউ মুল কাথা, নাউআ নাউআ ডরডরানেক রগগিলাক সঁগে ভেঁটঅ নিহি হেইতেলেইক। মনগতরে বা কহে গেলে জুইতেক গতর রাখিকে হিআক ভিতর সানতিরাখি জিনগানি বিতাউএক খাতির জারা এহে সইবভতাক সঁগে জড়াল রহহত সভেকে কুড়মালি দরসনেক বেউরা জানেক দরকার গিরবে করেহেন। ঢেইরদিন পেছুআইকে একটা ছুটু খঁচ রাখিকে আগুআই আউলে একটা ধারনা মগজে হেই জাতেইক সভেকাখরে মনে। বহুত বহুত দিন না রহেইক হাঁসপাতাল না রহেইক রগেক বহবহি। সভে মানুস নিরগ রহেহেলা। আরামসে খাইদাইকে বিনদাস দিন বিতাউএহেলা। এসন এসন আহার করে জানে হেলা সমইএ সমইএ জে, পেটেক গতরেক কনই খই খতি নিহি হেইহেলেন। এহে ঠিনে বুঝা জাইক দরসনেক গুরুততঅ। জেসনে জেসনে কুড়মালি দরসনেক বাহারে বা দরসনকে দেইহনাইকে হামরা চলে লাগলিঅ বা হড়রা চলে লাগলা তেসে তেসে একটাক পরে একটা বেজুইত বেউরা সামাতে সামাতে রগ বেজারে গেলাহেইক দুনিআটা ভরি।

এক একটা আদি পরবেক নেগাচার দেখলে আইজঅ বিগগানেক জগতে বা বেরাঁই ছাতিঁই ভুসভুসি সামাহেইক। গাল মারেইত মারেইত জেসন করম পরবেক কাথা গটাই হেবে করেইক। এখন তঅ হালে হালে বিগগানে ডহর দেখাউএহেইক। আঁকুর জনমেক বেপারে এখন বিগগানে কতেক নিআর বুদধি অরজতে আহেইক। মেনতুক এখনুক গিলা বেকার হেলউ পুরখেনি ধঁচরে ঘুরি গেলে কাম বনবে করেহেইক। পুরাটা পরকিতিক সঁগে নিজবুত করিকে বুঝিকে করল জাইক কহিকেই উটা হেইক। পুরখেনি খেপে কুড়মালি দরসনে কহেহেইক জনতরঅ নিহি। পরকিতিক মাঝে ঠঁডুআইকে পরকিতিকে সদবিদঅ ভেঁউরাইকে তবে কামে নাভেক হেকেইক।

একরে একটা আগুআলি আভাসেক পরব হেলেইক খেতে নাভেইত নাভেইত গতর জতনে আর ঢঁড়হা ভরনে সিরজনেক কাম জানাক গটালিআ সিখনইত আখড়া করম পরবে। ইটাক মুল কামেক দাইভারে থাকহত সিরজনেক মুলে রহল বেটিছউনারা। এরা চাসেক জমি জেসন ধান রপিকে সেই ধানলে ধানেক বাইল ফরাউঅত তেসনে কুঁআরিরাঁই ধান গাছেক সেঁইতন তেঁতার সুঁসার দেখিকে আউতিবেরাঁই মাঞ বনি ছউআকে ভারিগাতে রাখেক গটালিআ বেউরাটা জানি জাত। ইটা বাছট অঁইআ হাঁথেক সজলত কামেক কাথা দুই-চার টুমে কহা গেলেইক। এসনে জতেইক নেগ-নেগাচার পরব-তিহার গিলাকে দরসনেক আলঅ বাতি দেইকে দেখলে জিনগানিভর বাঁচেক মন-গতর। এহেটাই হেলেইক কুড়মালি দরসনেক আবগা পিআস।

সিমাহিন সভেকে দুই-চার পাতে চিসিকে রিচিক কাথাঁই গাড়ামু করিকে দেখাল গেলেইক। রজে রজে নেগে নেগে ডেগে ডেগে অনবরত লিখলে গেলে কুড়মালি দরসনেক গটা গতরটা সভেকাখরে ঠিন তউলাল জাতেইক। দরকার আহেইক ঘড়ি না ধরিকে লাহাইরকে লাহাইর কামেক বেউরা। দরকার আহেইক গবেসনাক। সারভার তঅ কনঅ দরকার নাই। আবগা বতর আর কহে গেলে সমই হেলেই হেতেইক। জে নিআর কাম চলেহেইক, সে নিআর করিকে একটাক পর একটা হামদুমি, একটাক পরে একটা মাহাজড়ুআহি, একটাক পরে একটা সেমিনার, একটাক পর একটা ভাখিচারি আখড়া চলতে রহলে বিসবিসুআস কাথা রহলেইক দরসন ফেইরছাইকেই দেখাতেইক। আপাতত গাড়ামু করল রহলেইক।

বঞ্চনার স্বীকার আদিবাসী কুড়মি সমাজ

অমিয় কুমার মাহাত
(প্রাক্তন প্রধান শিক্ষক, সিন্দরী হাই স্কুল)

ছোটনাগপুর তথা জঙ্গলমহলের টোটেমিক কুড়মি জনজাতি তাদের জাতিসত্ত্বা ও স্বাভিমানের সাংবিধানিক অধিকার প্রতিষ্ঠার জন্য বিগত প্রায় ৭০ বছর ধরেই আন্দোলন করে চলেছে। জাতিসত্ত্বার প্রতিষ্ঠার এই আন্দোলন সর্ববৃহৎ ও সবথেকে পুরনো। আজ আর বিশ্বের কেউ জানতে বাকি নেই যে কুড়মি জাতি একটি আদিম জনজাতি। রিজলে ও ডালটনের মতানুযায়ী কুড়মি জনজাতি বিগত 4000 বছরের পুরনো আদিবাসী জনজাতি। সে সময়ে কুড়মির সাথে সাঁওতাল, কোল, মুন্ডা, হো ইত্যাদি জনজাতিও প্রায় ৪ হাজার বছরের পুরনো জনজাতি। কিন্তু বর্তমান গবেষণায় জানা যায় যে, কুড়মি জাতি, সাঁওতাল, কোল, হো, মুন্ডা ইত্যাদি জনজাতি অপেক্ষা অনেক পুরনো জনজাতি। আমেরিকার বিশ্ব বিখ্যাত জেনিশিষ্ট ডেভিড রিচ্ এর মাইটোকোনড্রিয়াল DNA Test -এ সবথেকে পুরনো জনজাতি প্রায় 65000 বছরের (পঁয়ষট্টি হাজার) পুরনো আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জের অঙ্গে (Ange) উপজানতি। তাদের Blood -এ N-31 আছে। বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়ের (BHU) বিখ্যাত জেনিশিষ্টদের (Genesist) গবেষণায় জামশেদপুর এলাকার ১৮১ টি কুড়মি জাতির রক্তের নমুনা (Blood Sample) নিয়ে গবেষণা করা হয়েছে। যার Recent Report হলো কুড়মিদের মাইটোকন্ড্রিয়াল ডি.এন.এ. (Mitocondrial D.N.A.) রিপোর্টেও N-31 পাওয়া গেছে। অর্থাৎ কুড়মি জনজাতি 65000 বছরের পুরনো জনজাতি যারা ছোটনাগপুর এলাকায় স্থায়ীভাবে বসবাস করে আসছেন এবং কুড়মি জাতি সাঁওতাল, কোল, হো, মুন্ডাদের থেকে অনেক পুরনো জনজাতি। সেই মর্মে কলকাতা ও রাঁচি হাইকোর্টে DNA Report সহ বিশিষ্ট আইনজীবি অখিলেশ শ্রীবাস্তব মহাশয় কুড়মিদের জাতিসত্ত্বার আন্দোলন সঠিক ও সরকারীভাবে S.T. ঘোষণার দাবি জানিয়ে আবেদন করেছেন।

ব্রিটিশ শাসনকালে ভারত সরকারের গৃহমন্ত্রক ২ রা মে ১৯১৩ সালে সিমলা থেকে প্রকাশিত ৫৫০ নং বিজ্ঞপ্তি অনুযায়ী কুড়মি জনজাতি সহ ১৩ টি জাতিকে আদিম জনজাতি হিসাবে স্বীকৃতি দেয়। আবার ১৯৩১ সালের 3563 J. 8/12/ 1931 নং বিজ্ঞপ্তির মাধ্যমে কুড়মি জনজাতিকে আদিম (প্রিমিটিভ ট্রাইব) বলে ঘোষণা করে। ১৯৫০ সালের ২৬ শে জানুয়ারী ভারতবর্ষের সংবিধান গৃহীত ও আরোপিত হওয়ার পর তৎকালীন নেহরু সরকার আদেশাবলে জানিয়ে দেয় যে, ১৯৩১ সালের সেনসাস রিপোর্ট মোতাবেক প্রিমিটিভ ট্রাইবগুলিকে সিডিউল ট্রাইব হিসাবে গণ্য করা হবে। কিন্তু কোনো এক অজ্ঞাত কারণে S.R.O. 510 dt 6th September 1950 (The Constitution (S.T.) Order, 1950) এর মাধ্যমে ১৯৩১ সালের সেনসাসের ১৩ টি প্রিমিটিভ ট্রাইবের মধ্যে একমাত্র কুড়মি জনজাতিকে S.T. সূচী থেকে বাদ দেওয়া হয়। এ এক গভীর ষড়যন্ত্র। স্বাধীন ভারত কুড়মি জাতিকে S.T. তালিকা থেকে বাদ দিয়ে আমাদিগকে স্বাধীন ভারতের সমস্ত সুযোগ সুবিধা থেকে নির্মমভাবে বঞ্চিত করেছে। আজ সরকার দীর্ঘ ৭৩ বছর ধরে কুড়মি জনজাতির মানুষজনকে শিক্ষার সুযোগ, চাকুরীর সুযোগ সহ সমস্ত সরকারী সুযোগ সুবিধা থেকে বঞ্চিত করেছে। এই জন্য আমরা প্রতিবছর ৬ ই সেপ্টেম্বর দিনটিকে 'কালা দিবস' হিসাবে পালন করি। দীর্ঘ বঞ্চনার বিরুদ্ধে সমস্ত ভেদাভেদ ভুলে আমাদেরকে কঠোর ও কঠিন সংগ্রামের মধ্য দিয়ে আমাদের হৃত স্বাধীনতা ফিরিয়ে আনতে হবে।

ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামের ইতিহাস পর্যালোচনা করলে দেখা যায় যে, ১৭৫৭ খ্রীষ্টাব্দে লর্ড ক্লাইভের নেতৃত্বে অন্যায় যুদ্ধে নবাব সিরাজদ্দৌলার পরাজয়ের মধ্য দিয়ে ভারতবর্ষের স্বাধীনতা ভূলুণ্ঠিত হয়। আমাদের এই মহান দেশ ব্রিটিশের উপনিবেশে পরিণত হয়। তার মাত্র নয় বছরের মধ্যে ১৭৬৬ খ্রীষ্টাব্দে সর্বপ্রথম ক্রান্তিবীর রঘুনাথ মাহাত-র নেতৃত্বে জল, জমি ও জঙ্গলের অধিকারের দাবীতে কুড়মি জনজাতি সহ অন্যান্য জনজাতি আন্দোলনে ঝাঁপিয়ে পড়েন। কংগ্রেসের স্বাধীনতা

যুদ্ধের (১৮৫৭) প্রায় একশত বছর পূর্বে কুড়মিদের স্বাধীনতার যুদ্ধ সংঘটিত হয়েছিল। কিন্তু উচ্চবর্ণীয় ঐতিহাসিকগণ ও ভারত সরকার সেই আন্দোলনকে অনেক ছোটো করে 'চুয়াড় বিদ্রোহ' (১৭৬৬-১৮০০) নামে আখ্যা দিয়েছেন। চুয়াড় বিদ্রোহ ইংরেজদের কাছে এতটাই ভয়াবহ হয়েছিল যে ১৭৭৪ খ্রীষ্টাব্দের ৫ ই এপ্রিল চুয়াড় বিদ্রোহের মহানায়ক ক্রান্তিবীর রঘুনাথ মাহাতকে গুলি করে হত্যা করে। রঘুনাথ মাহাতর সাথে গুলি করে হত্যা করা হয় তাঁর সহযোগী বুলি মাহাত ও গঞ্জন মাহাতকে। যেহেতু কুড়মিদের আন্দোলন 'চুয়াড় বিদ্রোহ' কাজেই এর গুরুত্বকেও স্বাধীনোত্তর ভারতবর্ষের কাছে ছোটো করে দেখানো হয়েছে। সর্বশেষ যে ঘটনার কথা বলতে চাই তা হলো এই আন্দোলনে গোটা ভারতবর্ষই উত্তাল হয়েছিল। ১৯৩০ সালের ২৯ শে সেপ্টেম্বর পুলিশের গুলিতে নিহত হন মাতঙ্গিনী হাজরা। ইতিহাসের পাতায় তাঁর আত্মত্যাগকে ভারতের মুক্তি সংগ্রামের দায়িত্ব হিসাবে দেখানো হয়েছে। কিন্তু তার পরদিনই মানবাজার থানায় ১৯৩০ সালের ৩০ শে সেপ্টেম্বর তৎকালীন ব্রিটিশ পুলিশের গুলিতে নিহত হন চুনারাম মাহাত ও গোবিন্দ মাহাত। স্বাধীনতায় তাঁহারাও শহীদের মৃত্যুবরণ করেন। কিন্তু ইতিহাসের পাতায় তাঁদের নাম উল্লেখ নেই। ঐদিন পুলিশের গুলিতে আরও অনেকেই আহত হন। এইভাবে স্বাধীনতা যুদ্ধে যাঁরা প্রাণ ছিলেন তাঁদের কেউ বঞ্চিত করা হয়েছে। এখন নতুনভাবে ইতিহাস রচনার সময় এসেছে।

আদিবাসী কুড়মি সমাজ নানান ভাবে আজ বঞ্চনার স্বীকার হয়েছে। এই বঞ্চনার বিরুদ্ধে সমস্ত কুড়মি সমাজকে ঐক্যবদ্ধভাবে লড়াই করতে হবে, জাতিসত্ত্বার আন্দোলন ও এস.টি. তালিকায় অন্তর্ভুক্তির দাবীতে প্রতিটি কুড়মি ভাইবোনকে এগিয়ে আসতে হবে। কঠিন ও কঠোর সংগ্রাম ও আত্মত্যাগের মধ্য দিয়েই আমরা আমাদের হৃত গৌরব ফিরে পাবো। জোহার।

আদিম জাতিসত্ত্বার করুণ কাহিনী ও ভারতের কুড়মি জাতি

রক্ষাকর মাহাত
(অবসর প্রাপ্ত প্রাতিষ্ঠানিক প্রধান, মহাত্মা গান্ধী কলেজ উচ্চ মাধ্যমিক বিভাগ, লালপুর, পুরুলিয়া)

বর্তমান পৃথিবীতে প্রায় দুই শতাধিকেরও বেশী রাষ্ট্রব্যবস্থা রয়েছে। এই সমস্ত রাষ্ট্রসমূহের নানাভাবে গড়ে ওঠার ইতিবৃত্তও বর্তমান। কোথাও Poly-national States (বহু জাতিভিত্তিক রাষ্ট্র), কোথাও এক জাতিভিত্তিক রাষ্ট্রব্যবস্থা (Mono-national States), রাষ্ট্রপগুলি যেভাবেই আত্ম প্রকাশ করুক না কেন প্রায় সব রাষ্ট্রসমূহে আদিম জাতিসত্ত্বার অস্তিত্ব বিদ্যমান। কোথাও কোথাও আবার তাদের ক্ষয়িষ্ণু চিত্রও বিশেষভাবে চিত্রায়িত হচ্ছে যাদের অস্তিত্ব, স্বীকৃতি নানাবিধ নিজস্বতা, করণকারণ ও ভাষা সংরক্ষণের মরিয়া প্রচেষ্টার সংগ্রামে রাষ্ট্রের অভ্যন্তরীণ তথা আন্তর্জাতিক স্তরের বিশেষ আলোচনার গুরুত্বপূর্ণ বিষয় হয়ে দাঁড়িয়েছে। 9th August International day of the world's Indigenous people পালনের মধ্য দিয়ে বিশ্ববাসীও তা মেনে নিয়েছে।

এখন, এই আদিম জাতিসত্ত্বা বলতে যা বোঝায় তা বোধ হয় আমাদের সকলের একটু অবগত হওয়া ভাল। এরা হল মনুষ্য সমাজের বিবর্তনীয় রাষ্ট্রব্যবস্থার আদি (প্রাচীন) বাসিন্দা যারা বিভিন্নভাবে কোন উন্নত জাতিসত্ত্বার কবলে শাসিত হওয়ার নির্মম ভাগ্যের পরিহাসে শোষিত, বঞ্চিত, ঘৃণিত ও অবহেলার পাত্র। উন্নত জাতিসত্ত্বাগুলি নানা ছলনা, কূটকৌশলের আশ্রয় নিয়ে আদি জাতিসত্ত্বার সমস্ত বৈশিষ্ট্যগুলিকে সমূলে উৎপাটন পূর্বক তথা নানাভাবে বিকৃত করে পশ্চাৎপদতার শৈবাল ধামে এরা আক্রান্ত।

বর্তমানে, এরূপ আদিম জাতিসত্ত্বাগুলির সুশিক্ষিত নিজস্বতার অনুভাবনাকেন্দ্রিক মনুষ্যগণ ও তৎসঙ্গে কিছু বিশ্বমানব প্রেমিক (Philanthropic) মনুষ্যগণের তৎপরতায় নিজেদের স্বীকৃতি, সবকিছুর সুবিচার (সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক, ধর্মীয়, সাংস্কৃতিক) পাওয়ার নিমিত্তে রাষ্ট্রীয় কর্তৃপক্ষকে প্রবল চাপের মুখে ফেলে দিয়েছেন। কর্তৃপক্ষ ও তাঁর Eastonian Model এর মতো দাবি (Demand), সমর্থন (Support) ব্যবস্থাপক বিভাগের মাধ্যমে পরিবেশে প্রদানের খেলায় নিত্যরত। এরূপ অবিরত সংগ্রাম ও সমাধানের নিরন্তর কার্যক্রম রাষ্ট্রের তথা শাসককূলের কৌশলী খেলার অঙ্গ হয়ে দাঁড়িয়েছে।

আমাদের রাষ্ট্রব্যবস্থা ভারতবর্ষ হল এক বহুজাতিভিত্তিক সমন্বিত রাষ্ট্র। এখানে উন্নত জাতিসত্ত্বার যেমন অস্তিত্ব রয়েছে, তেমনি আবার অনুন্নত আদিম জাতিসত্ত্বাও বিদ্যমান। এরূপ আদিম জাতিসত্ত্বাগুলির মধ্যে সাঁওতাল, কোল, ভিল, মুন্ডা, শবর, ভূমিজ, কুড়মি ও আরও অনেক বিশেষ উল্লেখযোগ্য। এসব জাতিসত্ত্বাগুলি নানাভাবে উন্নত জাতিসত্ত্বা কর্তৃক বিভিন্নভাবে বিভিন্ন সময়ে শোষিত বঞ্চিত থেকে কালাতিপাত করতে বাধ্য হয়েছে —যার অবসান করতে পারেনি। অবস্থায় খানিক উন্নতি ঘটলেও বলা যেতে পারে যেভাবে তা হওয়ার তা হয়ে ওঠেনি; কিছু কিছু সুযোগ-সুবিধা সেই সঙ্গে বিশ্বমানবের নিকট জনকল্যাণকামী রূপকে তুঙ্গে তুলে ধরার প্রচেষ্টার সবিশেষ প্রয়াসকে রক্ষণাবেক্ষন করে চলেছে- যেখানে প্রকৃত আন্তরিকতার অভাব সুস্পষ্ট। তাই আজও উক্ত আদিম জাতিসত্ত্বাগুলির প্রকৃত কল্যাণ সাধিত হয় নি। সত্যের অপলাপ না করে বলা যেতে পারে, তারা যে তিমিরে, সেই তিমিরেই। মাঝিদের কথায় "আমরা বাবু ঢং ঢং"। একথা বলেছিলেন আমার শ্রদ্ধেয় প্রয়াত প্রধান শিক্ষক গোলামারা উচ্চ বিদ্যালয়ের নকুল চন্দ্র মাহাত মহাশয়। আবার, একথাও অতীব সত্য যে, চাকুরী, শিক্ষা প্রভৃতি ক্ষেত্রে উক্ত জাতিসত্ত্বা সমূহের কেউ কেউ বেশ ধনশালী হয়ে ওঠে নিজেদের আদিমতার নিজস্বতার যুক্তিসঙ্গত দিকগুলিকে অস্বীকার, অসংরক্ষণ, না মেনে চলার মানসিকতাকে তুঙ্গে তুলে ধরে, উন্নত জাতিসত্বার উত্তম শরিক রূপে পরিগণিত হতে চেয়ে নিজ জাতিসত্ত্বার প্রতি নির্মম কুঠারাঘাত করছে। এতে তাদের প্রতিকূল আবহ আরও মাথা চাড়া দিয়ে উঠেছে। কাক যেমন ময়ূরের পুচ্ছ লাগিয়ে ময়ূর-ময়ূরী হতে পারে না- কাকই থেকে যায়। এই উপলব্ধি তাদের মধ্যে অদ্যাবধি

জাগ্রতের অভাব সুস্পষ্টরূপে প্রতিভাত হয়ে উঠছে।

এভাবে একদিকে প্রকৃত উন্নয়নার্থে প্রশাসনিক আন্তরিকতার অভাব, অন্যদিকে আত্মজাতিসত্ত্বার অভ্যন্তরস্থিত আঘাতে আঘাতে এই জাতিসত্ত্বাগুলি জর্জরিত- যে কারণে তাদের সংস্কৃতির সংরক্ষণ বিস্তার, ভাষার প্রসার করতে আর্থিক দিক থেকেও অন্যান্য দিক থেকে পশ্চাৎপদ এই সব জাতিসত্ত্বাগুলি সম্পূর্ণ অপরাগ।

কিন্তু বর্তমানে, এর পরিবর্তনের সংগ্রামের অধ্যায়ের সূচনা সর্বত্রই দৃষ্ট হচ্ছে। উক্ত জাতিসত্ত্বার সুচিন্তিত, বিবেকবান, প্রকৃতভাষাপ্রেমী, সংস্কৃতি প্রিয় শিক্ষিত যুবক-যুবতী তাদের প্রকৃত সত্ত্বার স্বীকৃতি, সংস্কৃতির স্বীকৃতি, ভাষার প্রচার-প্রসার, শিক্ষালয় সমূহে পঠন-পাঠনের বিশেষ ব্যবস্থা গ্রহনের নিমিত্তে চাকুরী ক্ষেত্রে যেমন আত্মপ্রতিকার প্রচেষ্টায় রত, তেমনি রাষ্ট্রীয় কর্তৃপক্ষকে সেদিকে দৃষ্টি দেওয়ার জন্য তাদের মরিয়া সংগ্রামে রাষ্ট্রের রাজ্যে; রাজ্যে পরিদৃষ্ট হচ্ছে- যা রাজ্যগুলিকে এবং কেন্দ্রীয় সরকারকে নাজেহাল হতে হচ্ছে ও তার স্বীকৃতি প্রদানে কখনো বাধ্য করছে।

এই প্রসঙ্গে ভারতবর্ষের বুকে আদিম জাতিসত্ত্বার অন্তর্ভূক্ত কুড়মি জাতির পুনরায় তপশীলি উপজাতিতে অন্তর্ভুক্তিকরণের দাবি একেবারেই অযৌক্তিক নয় বরং সম্পূর্ণতই যুক্তিযুক্ত। কারণ এই কুড়মি জাতির যে ৮১টি (একাশি) গোষ্ঠী যার বহুল প্রচলিত প্রবাদ "দহড় কুড়মি একাশি ভালুক নেহরে বসতি"। যাদের কোল, ভিল, মুন্ডা, ভূমিজের মতই সব বৈশিষ্ট্য বর্তমান এবং ভারত সরকার কর্তৃক বিভিন্ন কমিশনের মাপকাঠির প্রমানের উপযুক্ত সাক্ষ্য বহন করে, আর্থ-সামাজিক ও শিক্ষা প্রভৃতি ক্ষেত্রে সেই কাকা কালেলকার কমিশনের (1953) থেকে শুরু করে। তাহলে তাদের দাবী যে যুক্তিসংগত- সেই বিষয়ে কোন সন্দেহই নেই। সমাজতান্ত্রিক বর্গ, নৃ-তাত্ত্বিকগণ, ঐতিহাসিকবিদ সকলেই তা স্বীকার করেন। শুধু তাই নয়, ১৯৩১ সাল অবধি তারা তা ছিলই অর্থাৎ ব্রিটিশাধীন ভারতবর্ষে তপশীলি উপজাতি হিসেবে স্বীকৃতি ছিল। বর্তমানে D.N.A. Test এও তা স্বীকৃত। বর্তানে অখিলেশ শ্রীবাস্তব মহাশয় (Learned Advocate at Calcutta High Court) তার সমস্ত Papers দাখিল করে case করেছেন অচিরেই তা সকলেই জানতে পারবেন।

এরপর ১৯৪৭ সালের ১৫ আগষ্ট এর পর ভারত স্বাধীন হল। কিন্তু সব তপশীলি উপজাতি তালিকাভূক্ত আদিম জাতিসত্ত্বাগুলিও পূর্বেকার স্থান পেলেও কুড়মি জাতিটিকে বাতিল করা হল কেন? -তার কোন সঠিক উত্তর ভারত সরকারের নেই। তাহলে কি তাদের মেনে নিতে বাধ্য করা হবে যে ১৯৩১-এর পর British Government ভারতে বেশ কিছু তাদের উন্নয়নার্থে গুরুত্বপূর্ণ পদক্ষেপের Special Drive চালিয়ে ও আরও নানা প্রশাসনিক পদ্ধতি গ্রহন করে তারাকে উন্নত জাতিসত্ত্বার সমতূল্য করে তুলেছে?...নিশ্চয় না। তাহলে তো সেই Measuring Rods গুলি অঙ্গুলি প্রদর্শন পূর্বক প্রতিকারের পদক্ষেপ হিসেবে প্রদর্শিত করা যেত; আর যেহেতু তা হয়নি- তাই তাদের সংযুক্তিকরণের দাবী নিঃসন্দেহে যুক্তিযুক্ত। রাষ্ট্রীয় কর্তৃপক্ষের নিকট শান্তিপূর্ণভাবে এ গণতান্ত্রিক দাবী আদায়করণের গণতান্ত্রিক সংগ্রাম পরিচালনার অধিকার থেকে নিবৃত্ত করার অধিকার তো কারুরই নেই। অচিরে, আমাদের রাষ্ট্র মেনে নিলেই মঙ্গল। সে ক্ষেত্রে, রাষ্ট্রের গণতান্ত্রিক মানুষের প্রতি সুবিচার ও গণতান্ত্রিক মর্যাদা, সম্ভ্রম সুপ্রতিষ্ঠিত হবে যেখানে ২৭ কোটিরও বেশি মানুষ বিজড়িত। এ ভুল সংশোধন করে বর্তমান রাষ্ট্র কর্তৃত্ব জাতিসত্ত্বাটির নিকট ক্ষমা চেয়ে নিয়ে তপশীলি জাতির মধ্যে তার পুনরায় সংযুক্তিকরণ করলে কোন অন্যায় হবে না; বরং অন্যায়রূপী পাপাচারণের পথ থেকে রাষ্ট্র নিষ্কৃতি লাভে সমর্থ হয়ে প্রায়শ্চিত্তের পথকে প্রশস্ত করবে। এক্ষেত্রে সর্বপল্লী ডঃ রাধাকৃষ্ণাণের চিন্তাধারা বিশেষ প্রণিধানযোগ্য। -যার মর্মকথা হল অনুন্নত জাতিসত্ত্বার যাবতীয় পশ্চাৎপদতার স্রষ্টা হল উন্নত জাতিসত্ত্বাগুলি। তাদেরই তার যাবতীয় প্রতিকারের ব্যবস্থা করে পাপমোচন করতে হবে। নচেৎ আন্দোলন চলছে, চলবে। যেমন রেল টেকা, ডহর ছেঁকা, জিগিড়জিটা গবচন, হুলহুলির টাঁইড়-এ আদিবাসী কুড়মি সমাজের উদ্যোগে কুড়মালি জিআউ মহা জড়ুআহি, কলকাতাতে নেগাচারি প্রভৃতি আন্দোলন আর ও জোরদার হবে। এতে রাষ্ট্রও আরও ক্ষতবিক্ষত হবে। বলতে শোনা যাবে হয়তো নেপোলিয়ানের মত The Spanish ulcer ruined me ঠিক তেমনি কেন্দ্র রাজ্য বলবে - The movement of Kurmi's ruined both the Government Central and Province.

কিন্তু, এরূপ দৃষ্টিভঙ্গির বড়ই অভাব। শাসককূলও তাদের এ ব্যাপারে উপরি উপরি (Superficially) অন্তর শূন্য ভাবনার বারে বারে পরিচয় দিয়ে চলেছে এবং উক্ত জাতিসত্ত্বাগুলিকে শিশুবৎ নানা মনোরঞ্জনকারী খেলনা, টুপা (এক ধরণের বাঁশের তৈরী শিশু খেলনা), সুযোগ, সুবিধার লাল, নীল সবুজ কার্ড, দু-তিন টাকার প্রধান খাদ্যের ব্যবস্থা, AB তে ভাগ (OBC-র ক্ষেত্রে) এভাবে নানা বিভাজনের আঁচড় দিয়ে তাদের শাসনকে দীর্ঘায়িত করার প্রচেষ্টায় রত। এতে তাদের সমসাময়িক বিভ্রান্ত করা গেলেও, Vote Bank শাসককূলের সাময়িক পক্ষে গেলেও-সেই রোগ কিন্তু নির্মূলের দিকে না গিয়ে শিকড় ধীরে ধীরে প্রসারিত হয়ে Malignancy form কবে দুঃসাধ্য ব্যাধিতে রূপান্তরিত হচ্ছে এবং রাষ্ট্রকে সেই জাতিসত্ত্বার সচেতন, বিবেকবান অংশ আপন ভাবতে পারছে না। যা হিংসা বিষময় শিখাটিকে উস্কে বাতাবরণের চরম অশান্তির পথকে প্রশস্ত করছে। আর এতে রাষ্ট্রের সকল দিকের সমূহ অমঙ্গল।

এক্ষেত্রে, এসবের একমাত্র প্রতিকারের পথ হল- ১) আত্ম প্রতিকার সমূহ, ২) প্রশাসনিক প্রতিকার সমূহ, ৩) ভারতের মহান মণীষীদের ভাবনার অনুশীলন যেমন স্বামী বিবেকানন্দের, ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণাণের, অন্যান্য মণীষীগণের, ৪) গণতান্ত্রিক সরকারের (সর্বস্তরের) সর্বান্তকরণে অনবরত উন্নতকরণের প্রচেষ্টার ধারাবাহিক কর্মপদ্ধতির অনুশীলন প্রভৃতির যা গণতান্ত্রিক কাঠামোর মধ্য থেকে করতে হবে। রক্তচক্ষু করে নয়। অবিচারের উজ্জ্বল শিখাকে এভাবেই নির্বাপিত করা যাবে। ভারতভূমি ও পূণ্যভূমিতে পরিণত হবে, ধরণীতলও কলঙ্ক মুক্ত হবে।

আর এরূপ যথার্থ প্রতিকার ব্যবস্থাপনার মধ্য দিয়েই সব জাতিসত্ত্বাগুলির প্রতি (উন্নত ও অনুন্নত) যথার্থ সুবিচার প্রতিষ্ঠার মাধ্যমেই সকলকেই একাত্মতার বন্ধনে টেনে আনতে হবে। রাষ্ট্রও যথার্থ Welfare State-এ পরিণত হবে; শান্তিতে অবিচল থাকবে। কিন্তু এক্ষেত্রে, শাসকের কর্মধারাটি বিরামহীনভাবে বিরাজ করবে। স্মরণে রাখতে হবে গ্রীক দার্শনিক Plato-র সেই দার্শনিক রাজা'র (Philosopher King) কথা বাস্তবতার নিরীখে।

আমরা দাস্যপুত্র না ভূমিপুত্র ?

সৃষ্টিধর সরকার
(রঘুনাথ মাহাত কলোনী, রাঁচী রোড, পুরুলিয়া)

দাসস্যপুত্র মরেও শান্তি নেই। শ্রাদ্ধানুষ্ঠানে প্রয়াত পিতামাতার প্রতি শ্রদ্ধার পরিবর্তে অশ্রদ্ধা প্রদর্শন করা হয়। প্রয়াত পিতামাতাকে ব্রাহ্মণেরা দাস বলে সম্বোধন করেন। অর্থাৎ প্রয়াত পিতা মাহাত বা ব্যক্তি ব্রাহ্মণ বর্ণের দাস (যদি SC, ST, OBC) হয় তাঁর পুত্রকে ব্রাহ্মণরা বলে থাকে- অমুক দাসস্য পুত্র।' শূদ্ররা ব্রাহ্মণের দাস। অতএব শ্রাদ্ধকর্মে রত বর্তমান পুত্র হলেন- দাসস্য পুত্র। - দাসের পুত্র। হিন্দু ধর্মগ্রন্থ শ্রীমৎ ভাগবৎ গীতায় বলা হয়েছে- শূদ্রের কাজ বিনা মজুরীতে ব্রাহ্মণ, ক্ষত্রিয় বৈশ্যের সেবা করা (১৮ তম অধ্যায়, ৪৪ নং শ্লোক)। মনুসংহিতায় (১০ ম অধ্যায়, ১২৩ নং শ্লোক)-এ বলা হয়েছে ব্রাহ্মণরা এইভাবেই আমাদের পিতামাতাকে 'দাস' বলে সম্বোধন করে চলেছেন। আমরা তার প্রতিবাদ করছি না বা নিজেদের সমাজ সংস্কার করছি না।

আমাদের মহাপুরুষগণ ডঃ আম্বেদকর, হরিচাঁদ ঠাকুর, রঘুনাথ মাহাত, চানকু মাহাত, গোকুল মাহাত, গণেশ মাহাত, শীতল মাহাত, সহদেব মাহাত, মোহন মাহাত প্রমুখেরা ক্ষমতার ঘর দখলের ডাক দিয়েছেন বার বার। এবং বর্তমানে আদিবাসী কুড়মি সমাজ ও আদিবাসী বুদ্ধিজীবি কুড়মি সমাজ সংগঠন তৈরী হচ্ছেন এই ব্রাহ্মণদের দুরে থাকার জন্য। ব্রাহ্মণদের ক্ষমতা ধরে রাখার জন্য নন। ব্রাহ্মিণ পার্টি হিন্দুদের ধর্মপুস্তক বেদ, পুরাণ, রামায়ন, মহাভারত, গাতী, ঐতিহাসিকভাবে সত্য হচ্ছে। কিন্তু আদি পুরাণ সত্য সারনা ধর্মের কোনো গুরুত্ব দেওয়া হচ্ছে না। বর্তমান শাসন কর্তা এখনও কনো সারনা ধর্মের কোড নেই।

SC, ST-রা কখনো হিন্দু ছিল না। এরা এখনও হিন্দু নন। ডঃ আম্বেদকর বলেছিলেন- Untouchable and Hindus and Never Hindu। হরিচাঁদ গুরুচাঁদ ঠাকুরেরাও হিন্দু বলেননি। এইসব ভূমিপুত্রদের সমাজকে ব্রাহ্মণ্যবাদী ব্যবস্থা যুগ যুগ ধরে গোলাম বানিয়ে রেখেছে।

হাজার হাজার বছর ধরে বিদেশী ইউরেসিয়ান ব্রাহ্মণ-ক্ষত্রিয়, বৈশ্য-রা জোটবদ্ধ ভারতের প্রতিটি ক্ষেত্রে অলিখিতভাবে সংরক্ষণ ভোগ করে চলেছে। তারা ভারতীয় ভূমিপুত্রদের শূদ্র, অতি শূদ্র বানিয়ে তাদের অবস্থা চরম খারাপ করে দিয়েছে। আজকের দিনে ভূমিপুত্রদের সাংবিধানিকভাবে সংরক্ষণ দেওয়া হয়েছে। কিন্তু ভারতের ভূমিপুত্রদের সেই সুযোগ দেওয়া হচ্ছে না নানা অজুহাতে। যেমন- কুড়মি সমাজের মানুষকে ১৯৫০ সালের ৬ ই সেপ্টেম্বর ভারতের আদিবাসী লিস্ট তৈরীর সময় বিনা অজুহাতে, বিনা কারণে লিষ্ট থেকে বাদ দিয়ে দেয়। আজ ৭৪ বছর ধরে কুড়মিরা পুনরায় এস.টি. হওয়ার জন্য আন্দোলন চালিয়ে যাচ্ছে। আজ পর্যন্ত কুড়মালি ভাষা পশ্চিমবঙ্গে দ্বিতীয় রাজ্যভাষা হিসাবে স্বীকৃতি লাভ ছাড়া কিছুই পাওয়া যায়নি। মানভূম কালচার্যাল একাডেমী, কুড়মি ডেভলপমেন্ট বোর্ড গঠন হয়েছে কিন্তু কোনো উন্নয়ন হয়নি।

আমাদের লোকেরা ব্রাহ্মণ-বানিয়াদের পার্টির দালালে পরিণত হয়েছে। তাদের বলা- সমাজ বিষয়ে কোনো কথা বলো না। তোমার কি কি লাগবে বলো। এইসব দালালদের সমাজের লোক ভেবে ভূমিপুত্ররা ভোট দেয়। অন্যদিকে, ঐসব দালাল সমাজের জন্য কোনো চিন্তা ভাবনা না করে ভূমিপুত্রদের প্রার্থী আছে কিন্তু তাদের বিবেচনায় তারা উপযুক্ত নয়। একথার অর্থ- ভূমিপুত্ররা অযোগ্য, ভারতের ভূমিপুত্ররা চাকরি ক্ষেত্রে যোগ্য নয়। সেক্ষেত্রে বিদেশী ইউরেসিয়ানরা কীভাবে যোগ্য বিবেচিত হয় ? সংরক্ষিত পদে এই যে ভয়ানক পরিস্থিতি তৈরি হয়েছে এরজন্য দায়ী কে ? ১৫ শতাংশ ব্রাহ্মণ-বানিয়া চাকুরী ক্ষেত্রে থাকা দরকার কিন্তু তারা হয়েছে ৮৬ শতাংশ জায়গা জুড়ে। অন্যদিকে, যেখানে ভূমিপুত্রদের সংখ্যানুপাত ৮৫ শতাংশ সেখানে তাদের জন্য রয়েছে মাত্র ১৪ শতাংশ চাকুরী। বস্তুতঃ বিদেশী ইউরেসিয়ানরা স্বাধীন ভারতে স্বাধীন হয়ে রাজ

করছে। ভূমিপুত্ররা তাদের দাস। স্বাধীন ভারত ইউরেসিয়ান ব্রাহ্মণদের জন্য এখনো অন্যথায় সেই ভারত এখনো পরাধীন ভূমিপুত্রদের কাছে। ভূমিপুত্রদের জন জাগৃতির বা গণ আন্দোলন সংগঠিত করে বা সমাজ বিপ্লব সংগঠিত করে সাম্য মৈত্রী স্বাধীনতা ও ন্যায়ের ভিত্তিতে ভারতীয় সমাজ ও রাষ্ট্র নির্মাণ বর্তমানে সবচেয়ে বড় কর্তব্য বা ব্রত। এই ব্রত বা কর্তব্য তন-মন-ধন দিয়ে ভূমিপুত্রদের দিয়ে ভারতীয় সমাজ ও রাষ্ট্র নির্মাণ বিজ্ঞানসম্মত উন্নত শোষণমুক্ত সাম্য সমাজ ব্যবস্থায় হুলহুলির টাঁইড়ে ৮, ৯ ও ১০ ই মার্চ , ২০২৪ মহা মিলনের আখড়ায় বা মহা জড়ুআহিতে শপথ গ্রহন করি।

জঙ্গলমহলের আকাশে কালো মেঘ

প্রাণবল্লভ মাহাত

"তোমাদের ঝাড়গ্রামে জমির দাম খুব সস্তা- তাই না? দেখো না, দু'চার বিঘা পাঁচ দশ বিঘা কিনে নেবো! কত করে দাম চলছে?"

জঙ্গলমহলের প্রবেশ দ্বার- পশ্চিম মেদিনীপুর জেলার শেষ সীমানা ক্ষেমাশুলী। বোম্বে রোড বরাবার ক্ষেমাশুলী, গুপ্তমনি, ঝাড়গ্রাম, দহিজুড়ি, শিলদা, বেলপাহাড়ী, বাঁশপাহাড়ী, কুইলাপাল, বান্দোয়ান, মানবাজার, পুরুলিয়া, বরাবাজার, খাতড়া, মুকুটমনিপুর.....রাস্তার দু'পাশের জমিতে অসংখ্য খুঁটি পোতা। যে খুঁটিগুলি মাত্র ৫ বছর আগেও দেখা যায়নি। ওগুলো কিসের খুঁটি? চাষের জমিতে সিমেন্টের খুঁটি কেন? হ্যাঁ ঠিকই ধরেছেন! ঐ সিমেন্টের খুঁটিগুলি আসলে সীমানা চিহ্নিত করণের খুঁটি। ঐ জমিগুলি বিক্রি হয়ে গেছে। রাস্তার দুপাশের এত জমি কিনলো কারা???

১) মাস দুয়েক আগে দুর্গাপুর গিয়েছিলাম, ব্যক্তিগত কাজে। সিটিসেন্টার থেকে বিধাননগর টোটেতে যাওয়ার পথে সহযাত্রী হলে ৭০ বছর বয়সের দীর্ঘদেহী বলিষ্ঠ জনৈক মিশ্রবাবু। বাড়ী আসানসোল। আমার বাড়ী ঝাড়গ্রাম জেলায়-শুনেই তিনি কথা শুরু করলেন- "ঝাড়গ্রামে তো জমির দাম সস্তা। দেখো না ৫/১০/২০ বিঘা কিনে নেবো। তোমাকো পুষিয়ে দেবো। ফোন নাম্বার টা দাও"। না। তিনি এখনো ফোন করেননি।

২) বাঁকুড়া জেলার রাইপুরে গিয়েছিলাম- ব্যক্তিগত কাজে। ২ জন অল্প বয়সী (২৫-৩০) মহিলা নদীয়া থেকে এসেছেন আমার পরিচিত ভদ্রলোকটির কাছে। সাহায্য চাই আমার পরিচিত ভদ্রলোকের কাছ থেকে উনি জমির দলিল লেখক। রাইপুর "সবুজ দ্বীপ"-এর কাছে তাঁরা জমি কিনবেন। প্রাথমিক ভাবে একদিন এসে দেখে গিয়েছেন। আজ দ্বিতীয়বার। দুটো প্লট পছন্দ করে গিয়েছেন- একটি 'মাহাত'-দের অপরটি 'মন্ডল' দের। 'রিসর্ট' বানাবেন।

৩) আমার মাসী, ছোট মামা দাদুর ছোট মেয়ে কোলকাতায় থাকেন। একটি হার্বালি কোম্পানীয় associate হিসাবে কাজ করে। কয়েকদিন আগে ফোনো বার্তালাপের সময় প্রসঙ্গক্রমে মে জানায়- "একদিন প্রোডাক্ট সেলিং-এর কাজে বেহালার একটি গিয়েছে। প্রোডাক্ট নিয়ে বাড়ীর মেয়েদের সাথে কথা বলছি- পাশে একটি টেবিলের চারপাশে গোলাকার করে বসে চার ভদ্রলোক, জঙ্গলমহলে জমি কেনা নিয়ে কথা বলছেন। জমি আমাদের দরকার। কি জন্য সে কথা বলার দরকার নেই। খুব সস্তায় পাওয়া যাচ্ছে। জঙ্গলমহলে পর্যটন শিল্প বাড়ছে। হোটেল, লজ, রিসর্ট...।"

—এরকম শত শত ছবি শত শত মানুষের কাছে তথ্য ভান্ডার হয়ে আছে। বিগত ১০ বছরে ধীরে ধীরে জঙ্গলমহলের জমিতে থাবা পড়েছে হায়নাদের। গত ৩ বছর সর্বোচ্চ পর্যায়ে এই জমি কেনাবেচা চলছে বৈপ্লবিক গতিতে। সম্প্রতি অতি গোপনে পশ্চিমবঙ্গ সরকার S.T. দের ১০০ শতাংশ জমিতে 14 c ধারা লাগু করেছে। 20-30% জমির রেকর্ড-এ কয়েক মাস আগে পর্যন্ত যা উল্লেখ ছিল না। 14 c, হস্তান্তর যোগ্য নিষিদ্ধ। যা ২০-৩০ শতাংশ জমির রেকর্ড-এ উল্লেখ থাকতো। কিন্তু বর্তমানে ১০০ শতাংশ জমির রেকর্ড-এ *** ধারা লাগু করা প্রায় শেষ পর্যায়ে। সমস্ত ধরণের লিজ প্রক্রিয়াও বন্ধা করে দিল সরকার। S.T. দের জমিকে বাঁচানোর এই গোপন উদ্দ্যোগকে সাধুবাদ জানাই। কেন না জমি বেহাত হলে বেঁচে থাকা দুর্বিষহ হয়ে দাঁড়াবে আদিবাসীদের। এমনিতে দু'একটি জাত ছাড়া S.T. দের হাতে জমি তেমন নেই বললেই চলে। আপাতঃ সুরক্ষিত।

জঙ্গলমহলের অপরাপর সাধারণ জাতির হাতে থাকা জমিও সেই অর্থে বিক্রি হয় নি, হবেও না। কারণ, আর্থিক মজবুতি ও সচেতনায় তারা অনেকটা এগিয়ে। তেলি, চাষা, বেনে, গুঁড়ি সহ এই গোত্রের লোকেদের হাতে থাকা জমি বেহাত হওয়ার সম্ভাবনা নেহাতেই কম।

তপশীলি জাতি ভুক্ত গোষ্ঠীগুলি বাউরি, মান, মাঝি, ডোম, মুচি গোত্রীয় জাতিগুলির হাতেও সেই অর্থে বেশী জমি অবশিষ্ট নেই। প্রায় হস্তান্তর হয়ে গিয়েছে। হারাবার আর বেশী কিছু নেই।

বাকী রইল কুড়মি জাতি। একদা আদিবাসীত্বের সরকারী স্ট্যাটাস থাকা কুড়মি জনজাতি স্বাধীন ভারতে 'জেনারেল'। কৃষিজীবি এই জনগোষ্ঠীর হাতে স্বাভাবিকভাবেই তুলনামূলক বেশী জমি, আজও। স্বাধীন ভারতে কুড়মি জাতিকে S.T. লিস্ট থেকে হটানোর সবচেয়ে বড় কারণ ছিল কুড়মিদের হাতে থাকা প্রচুর কৃষি জমি। দেশ বাগ, উদ্বাস্তুদের ঢেউ উপচে পড়ছে বাংলায়, ভারতে। কোথায় করবে তারা বসবাস। পূর্ববঙ্গ থেকে আসা রিফিউজিদের আস্তানা দেওয়া, তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা, কলকারখানা নির্মান করা, জলাধার নির্মান করা- দরকার জমির। বাংলার উপকণ্ঠেই জঙ্গলমহল তথা বৃহত্তর ছোটনাগপুর প্লেটু। ভারতের খনিজ ভান্ডার। কুড়মি জমি লুঠ করার জন্য কোন Notification ছাড়াই হটিয়ে দেওয়া হল S.T. তালিকা থেকে। আজ...

আবারও কুড়মির জমিতে নজর পড়ছে গোটা পশ্চিমবঙ্গের জমি মাফিয়াদের। রাস্তার দুপাশের খুঁটি পোঁতা জমিগুলির অধিকাংশ কুড়মিদের বিক্রি করা জমি। আগামী ৫-১০ বছরের মধ্যে ঐ খুঁটি পোঁতা জমিতে গড়ে উঠবে বড় বড় রিসর্ট, হোটেল, লজ, বার, হোম স্টে। জঙ্গলমহল পর্যটন শিল্পের আড়ালে সাম্রাজ্যবাদীদের দ্বিতীয় উপনিবেশ হিসাবে গড়ে উঠতে বেশী দেরী লাগবে না। টিভির পর্দায়- "একদিনে জঙ্গল ভ্রমন"। আমাদের রিসর্টটে থাকা খাওয়ার আরাম দায়ক ব্যবস্থা, প্রকৃতির কোলে একদিন, প্রয়োজনী গাইড পাওয়া যাবে, স্থানীয় আমরা"। হাজার হাজার লজ, হোটেল, রিসর্ট- মালিক কোলকাতা, পূর্ব মেদিনীপুর, চব্বিশ পরগনা, নদীয়া, আসানশোল, রাণীগঞ্জ। সিংজী, আগরওয়াল, চৌবে, দুবে, চ্যাটার্জ্জী, ব্যানার্জী, ঘোষ, বোস, দাসগুপ্ত, সেনগুপ্ত...

বিগত কয়েক বছর ঝাড়জেলার পালকে সেরার সেরার মুকুট। মদ বিক্রিতে এগিয়ে জঙ্গলমহলের জেলাগুলি। তাই ঝোঁক বাড়ছে বিনিয়োগকারীদের। ব্যবসা। মদ ব্যবসা।

ভূ-বিজ্ঞানীদের সতর্কবার্তা! ডুববে কোলকাতা। তাই সবচেয়ে বেশী জমি কিনছে কোলকাতার টাকাওয়ালারা। বেলপাহাড়ীতে নিজস্ব রিসর্ট-কোলকাতায় নিজস্ব বসতবাড়ী-তারপর ভোটার আধার পরিবর্তন। জঙ্গলমহলের স্থায়ী বাসিন্দা। সাং- বেলপাহাড়ী।

আগামী কয়েক দশকে জমি কেন্দ্রীক বৈপ্লবীক পরিবর্তন হবে জঙ্গলমহলে। জঙ্গলমহলের চিরাচরিত জনবিন্যাসের মারাত্মক রকমের পরিবর্তন হবে। অযোধ্যা সংলগ্ন এলাকা, কেনকেচে পাহাড়, সহ পুরুলিয়াকে প্রায় গ্রাস করে ফেলেছে বহিরাগতরা। খুঁচি পোতাঁ জমিতে যেদিন নির্মান কাজ সমাপ্ত হবে। যেদিন হোটেল, লজের মালিকের নামকরণের শোভা পাবে- সেদিন প্রকৃত ক্ষয় ক্ষত বোঝা যাবে।

নির্মান সম্পূর্ণ হলে- শুরু হবে অত্যাচার, শোষণ, নারী নিগ্রহ, নারী পাচার। শুরু হবে সংঘাত। অসম লড়াই। বাহুবলীদের দাপট দেখবে জঙ্গলমহল। কোলকাতার রেপ্লিকা। কোলকাতার ডিস্কো কালচার, জুয়ার ঠেক সবই পাওয়া যাবে হাতের মুঠায়। জীবনধারণ ওষ্ঠাগত হবে জঙ্গলমহলের আদি ভূমিপুত্রদের।

খতিয়ানী আন্দোলনের নাম শুনেছেন। জয়রাম মাহাত'র খতিয়ানী আন্দোলন?

হ্যাঁ আগামী ৫০ বছরের মধ্যে জঙ্গলমহলেও শুরু হবে খতিয়ানী আন্দোলন। দেওয়ালে পিঠ ঠেকে যাওয়া ভূমি পুত্রদের সন্তান সন্ততিরা, আমাদের উত্তরসূরীরা সেদিন বাধ্য হবে খতিয়ানী আন্দোলনের মাধ্যমে নিজেদের অস্তিত্ব টিকিয়ে রাখতে।

সময় থাকতে সজাগ হোন, সর্তক করুণ আপনার আত্মীয়, পরিজন বন্ধুবান্ধবদের। জমি বিক্রয় জীবন বিক্রি-এ সর্তকবার্তা ছড়িয়ে দিন দিকে দিকে। আপনা বিক্রিয় করা জমিতে গড়ে ওঠা লজ, হোটেলে-একদিন আপনার পরিবারের মা, বৌ, বোনকে তাদের প্রয়োজনে ব্যবহার করবে বহিরাগত ব্যবসায়ীরা।

প্রতিবেশী ঝাড়খন্ড রাজ্যে কুড়মিদের জমি সংরক্ষিত C.N.T. Act এর আধারে। পশ্চিমবাংলার জঙ্গলমহল এলাকাটিও একসময় C.N.T. Act -এর আওতাভুক্ত ছিল। আজ চরম সময় উপস্থিত- কুড়মিদের জমি রক্ষার জন্য C.N.T. Act লাগু করার জন্য দ্রুত আন্দোলন গড়ে তোলার। সরকারের উপর চাপ সৃষ্টি করার। ভাষা হারালে ভাষা ফেরৎ পাওয়া যাবে, সংস্কৃতি হারালে- সংস্কৃতি হারালে- আর কখনোই ফেরৎ পাওয়া যাবে না। S.T. তালিকায় না থেকেও কুড়মিরা আজও মাথা উঁচু করে বেঁচে আছে শুধুমাত্র জমির কল্যাণে। জমিহারা হলে কুড়মি জাতির কি পরিমান বিপর্যয় ঘটতে পারে ভাবলে গা শিউরে উঠে।

KUDMI the TRIBE with their RIGHT for Scheduled Tribe

Subhasish Mahato

Kudmis are believed to be the original inhabitants of India. Down the ages, the Kudmi continues to live in Chhotanagpur Plateau for over 65 thousand years long. In their isolated existence here, this community developed their own distinct culture, tradition, language and adminisitrative structure in villages. Their are settled cultivators- a special group of agriculturists living in a definite area, i.e. Chhotanagpur province, having a dialect, cultural homogeneity and unified social organisation. The village is looked after by the village headman, the very name 'Mahato' and the religious headman is 'Laya' who offers sacrifices to the chief village deity on the 'Garam Than'.

A tribe is an anthropological concept. It is referred to by certain authors as 'Animistic' or 'Aboriginal'. The term 'Adivasi' hsa gained popularity while referring to the tribe in recent years. By the way, Kudmis are the 'Adivasi' i.e. Tribe. They are categorised so in different censuses done under the colonial Government. In 1872 the first census, the Kudmis were called "Jhari Kudmi" or Kudmi of the woods'. In 1901 they were categorised as 'Aboriginal', 'Animistic' in 1921 and most importantly 'Primitive Tribe' in 1931 on which basis the first scheduled tribe list was prepared in 1950. 'The Primitive Tribes ' list comprises 13 communities.The Kudmi was one of them. In this context, Jawahar Lal Nehru, the first Prime Minister of Independence India, declared that those who were in the list of Primittive Tribes in the census report of 1931 would be included in the list of Scheduled Tribes. But the Kudmi was not included. They were left out without assigning reasons or public notification. Is it not conspiracy? Is it not for grabbing land, minerals or other natural resources of Chhotanagpur riches or plotting to serve political purpose? Since then the Kudmis are deprived of their constitutional right and crying loudly till now for their caste and communitarian identity as 'Kudmi Adivasi'.

It is gross a constitutional violation on the part of the Kudmi. The Contitution bestows the following rights more or less pertaining to the Kudmi as follows:-

Article - 26 : "Every religious denomination or any of its section shall have the right to manage its religious affairs." The Kudmi is also pertaining to it more or less extension.

Article-29 : reads that 'Any Section of the citizens shall have the right to conserve its distinct language, Script or culture.

Article-25 : related to freedom, ascribes for the communities to enjoy freedom of conscience and free profession, practice and propagation of religion.

Article-342 : Only clarifies that for any ethnic group to become eligible to be specified as a Scheduled Tribe, it should necessarily be a tribe in the first place. In other words, non tribal castes or communities are not eligible to be specified as Scheduled Tribes.

Scheduled Tribe- A constitutional Concept.

A Schedule Tribe, on the contrary, is primarily an administrative and constitutional concept. It refers to a tribal community, which is enlisted under Article 342 of the Indian Constitution. According to the Indian Constitution, a tribe alone can be specified as Scheduled Tribe, but at the same time, the

word 'tribe' is nowhere defined in the constitution. Further more, the constitution is also silent about the principles or policies to be adopted as specifying a 'tribe' as a Scheduled tribe. According to Ariticle 342 of the constitution, "The President may, with respect to any State or Union Territory, as the case may be."

Thus, Article 342 only clarifies that for any ethnic group to become eligible to be sepcified as Schedule Tribe, it shoud necessarily be a tribe in the first place. In other words, non-tribal castes or communities are not eligibe to be specified as Scheduled Tribe.

Despite the difficulties, which stood in the way of identification of tribes as Scheduled Tribes, there has been complete awareness about their social, educational and economic backwardness of the tribal communities among the policy makers, planners and administrators of the country. But before introducing protective and amelioratory measures, there was a need to draw a list of such tribal communities as required care and protection for their growth and development. The first list in this regard was drawn in the year 1931 under the name "Primitive Tribes" wherein the Kudmi was existed. Subsequently, under the Government of India Act, 1935, a list of "Backward Tribes" was specified under the Constitution (Scheduled Tribes) order, 1950 was drawn by making additions to the list of "Backward Tribes" under the Government of India Act, 1935.

In this regard to the identification of tribes which qualify to be secified as Schedule Tribes, the Backward Classes, the Commission, in the preamble to their questionnaire, has observed.

"The Schedule Tribes can also be generally ascertained by the fact that they live apart in hills and even where they line in plateau or plains, they lead a separate and excluded existence and are not fully assimilated in the main body of the people. The Seheduled Tribes may belong to any religion. They are listed as Scheduled Tribes because of the kind of life led by them."

Similarly, theAdivisory committee on the Revison of the lists of Scheduled Castes and Schedule Tribes, popularly known as the 'Lokur Committee' has taken primitive traits, distinctive culture, geographical isolation, shyness of contact with the society at large and backwardness as the important criteria for testing the eligibility of a tribe as Scheduled Tribe.

Thus, in short, for specification of a tribe as a Scheduled Tribe, it should fulfil the following Criteria :-

* It should have its distinct language, religious beliefs and culture, which should qualify to be considered as pimitive.
* It should have an isolated existence. In case it lives in close proximity to other castes or communities, it should not have assimilated with them.
* It should be backward both educationally and economically.

It may be noted that the concepts of 'Tribe' and 'Scheduled Tribes' are often complementary and not contradictory.

In that connection of the above article 342, the Kudmi had necessarily been a Tribe in the first place. But it was not given so pending status to the Kudmi community. They have been

demanding for that Scheduled Tribe status- a caste communitarian identity. It is their right, right for justice. They have been relentlessly fighting for constitutional right not only present but past also since 1950- for a period of over 70 years. Chhotanagpur Plateau, a geographical isolated existence of the tribes, it is one of the criteria for testing the eligibility for Scheduled Tribes. The Chhotanagpur provincce, i.e. 'Greater Jharkhand' is the home of primitive tribes, Kudmis and other Scheduled tribes. It is most feasible for the Sixth Scheduled State. TheKudmi lives here from time immemorial with their own way of life, culture, custom, cult (characteristic traits), i.e. social cohesion. They have 'totem' also. The members of the Totemic Kudmis 81 believe that they are the descendants of a common ancestor and are, therefore, bound by a feeling of unity. The ancestor's symbolic existence is perceived in an animal or a plant or any other object and it is generally referred to as totemic.

The Advisory Committee on the Revision of the lists of Scheduled Castes and Scheduled Tribes, popularly known as 'Lokur Committee' in 1965, has ascribed some essential charactristic traits for recognition as a Scheduled Tribe. They are; primitive traits, geographical isolation, distinctive culture, shyness of contact with outsiders and economic backwardness . In regards of the Kudmi, Primitive Traits reflect in their kind of life they lead, their distinct language, religious beliefs, culture which should qualify to be considered as primitive, already proven.

In respect of the geographical isolation, Chhotanagpur Plateau itself stands for that, where the Kudmi and other enlisted tribes live in co-existence. In the parameter of development of the tribal communities there is disparity, i.e. not uniformity. While in Mizoram, they are close to 100 percent literacy, the Jarawas and Shompers in Andaman and Nicobar Islands are still living in the state of nature. We have also the tribes like Onge of Andaman and Nicobar Island, the Birhor of Bihar or the Kattunaykan of Kerala, which are very backward and even today, eke out an existence through hunting, fishing and food gathering. On the otherhand, there are tribes like the Khasi or the Lushai of Meghalaya which are fairly advanced both economically and educationally. The Tribes such as Kudmi and Santal of Chhotanagpur regions, Bhumij of West Bengal, Dhodia of Gujarat or the Mina of Rajasthan are hardly distinguishable from each other and their neighbours respectively in regard to their way of life.

Despite these cultural and economic disparities, a tribe as a social entity continues to be a reality. Its characteristic features, as indicated in the above discussion, still, by and large, make it distinguishable from the general population. It is worth mentioning that Consitutional provision and safeguards is the ultimate pursuasion of the tribe like the kudmi. Reservation in service and legislatures is not the fatter matter; conservation under the Govenrments patronisation of their culture, custom, language and retaining identity matters the most as per provision of the Costitution Article 29. So we may conclude in this way for the last judgement;z

Kudmi- "Once born to be as tribe is always a tribe".

"Justice delayed is justice denied".

-Supreme Court.

হামদুমিক ইতিহাসে জুআন জাঁগড়া

বিসসঅজিত (বিসু)
পানঅনাথ কাড়ুআর

